



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা-১৪৩/ ১১৬১ / ৪

তারিখ: ১০.১২.২০১৯ খ্রি.

বিষয়ঃ বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে

**সূত্রঃ (১) নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা-১৪৩/১১২১/৪; তারিখ: ১১/১১/২০১৯ খ্রি.
(২) নং-শিক্ষা/২০১৯/২৪৯; তারিখ: ১৩/১১/২০১৯ খ্রি.**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলাধীন বালুয়া তমিজ উদ্দিন আহম্মদিয়া দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতি মনোনয়নের জন্য স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, ৩২ গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ) এর দপ্তর থেকে গত ২৬.০৯.২০১৯ ও ১০.১০.২০১৯ খ্রি. তারিখে পৃথক পৃথক দুটি ডিও লেটার প্রেরণ করা হয়। একই কমিটিতে দু'জন ব্যক্তিকে সভাপতি মনোনয়নের জন্য সুপারিশ পাওয়ায় কমিটি অনুমোদনে জটিলতা সৃষ্টি হয়। উক্ত জটিলতা নিরসনকল্পে তাঁর দপ্তর থেকে প্রেরিত ডিও লেটার দুটি যাচাইয়ের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়।

উক্ত পত্রের প্রেক্ষিতে মাননীয় সংসদ সদস্য সূত্রোক্ত ২নং স্মারকের মাধ্যমে মতামতসহ জবাব প্রদান করেছেন। তিনি উল্লেখ করেন যে- বালুয়া তমিজ উদ্দিন আহম্মদিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ আব্দুল করিম মন্ডল তাঁর ডিও লেটার জাল করে এডহক কমিটির সভাপতি হিসেবে জনাব মোঃ ফরমান আলী-কে মনোনয়নের জন্য মাদ্রাসা বোর্ডে অনলাইনে আবেদন করায় সুপার এর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন।

এমতাবস্থায়, স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, ৩২ গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ) এর সুপারিশ ও তাঁর স্বাক্ষর জাল করায় কেন সুপারের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী ববারের প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১২ (দুই) পাতা।

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ও চেয়ারম্যান (রুটিন দায়িত্ব)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

প্রাপকঃ

সুপার
বালুয়া তমিজ উদ্দিন আহম্মদিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: মহিমাগঞ্জ, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা।

নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা-১৪৩/ ১১৬১ / ৪

তারিখ: ১০.১২.২০১৯ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, ৩২ গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ);
২. জেলা প্রশাসক, গাইবান্ধা;
৩. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা;
৬. সভাপতি, বালুয়া তমিজ উদ্দিন আহম্মদিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর: মহিমাগঞ্জ, উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা;
৭. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬৭৪৮৭৪